

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬২৮

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - মুমূর্ষু ব্যক্তির নিকট যা বলতে হয়

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا خَرَجَتْ رُوحُ الْمُؤْمِنِ تَلَقَّاهَا مَلَكَانِ يُصِعْدَانِهَا» . قَالَ حَمَّادٌ: فَذَكَرَ مِنْ طِيب رِيحِهَا وَذَكَرَ الْمِسْكَ قَالَ: وَيَقُولُ أَهْلُ السَّمَاءِ: رُوحٌ طَيِّبَةٌ جَاءَتْ مِنْ قِبَلِ الْأَرْضِ صَلَّى اللَّهُ عَلَيْكِ وَعَلَى جَسَدٍ كُنْتِ تُعُمِّرِينَهُ فَيُنْطَلَقُ بِهِ إِلَى رَبِّهِ ثُمَّ يَقُولُ: انْطَلِقُوا بِهِ إِلَى آخِرِ الْأَجَلِ . قَالَ: «وَإِنَّ الْكَافِرَ إِذَا تُعَمِّرِينَهُ فَيُنْطَلَقُ بِهِ إِلَى رَبِّهِ ثُمَّ يَقُولُ: انْطَلِقُوا بِهِ إِلَى آخِرِ الْأَجَلِ . قَالَ: «وَإِنَّ الْكَافِرَ إِذَا خَرَجَتْ رُوحُهُ» قَالَ حَمَّادٌ: وَذَكَرَ من نتنها وَذكر لعنها. وَيَقُولُ أَهْلُ السَّمَاءِ: رُوحُ خَبِيثَةٌ جَاءَتْ مِنْ قِبَلِ الْأَرْضِ فَيُقَالُ: انْطَلِقُوا بِهِ إِلَى آخِرِ الْأَجَلِ قَالَ أَبُو هُرَيْرَة: فَرد خَبِيثَةٌ جَاءَتْ مِنْ قِبَلِ الْأَرْضِ فَيُقَالُ: انْطَلِقُوا بِهِ إِلَى آخِرِ الْأَجَلِ قَالَ أَبُو هُرَيْرَة: فَرد رَسُولَ الله صلى الله عَلَيْهِ وَسلم ريطة كَانَت عَلَيْهِ على أَنفه هَكَذَا. رَوَاهُ مُسلم رَبْهُ وَسلم ريطة كَانَت عَلَيْهِ على أَنفه هَكَذَا. رَوَاهُ مُسلم

বাংলা

১৬২৮-[১৩] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুয়াহ সাল্লাল্লাহ্ ওয়াসাল্লাম বলেছেনঃ যখন মু'মিনদের রূহ (তার শরীর থেকে) বের হয়, তখন দু'জন মালাক (ফেরেশতা) তার কাছে আসেন, তাকে নিয়ে আকাশের দিকে রওনা হন। পরবর্তী রাবী হাম্মাদ বলেন, এরপর তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) অথবা আবৃ হুরায়রাহ্ (রাঃ) ঐ ব্যক্তির রূহের খুশবু ও মিসকের কথা উল্লেখ করলেন। তারপর তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেন, তখন আকাশবাসীরা বলবে, পাক-পবিত্র রুহ জমিন হতে এসেছে। তারপর তার রূহকে উদ্দেশ করে বলবে, তোমার ওপর আল্লাহ রহমত করুন এবং শরীরের প্রতি, কারণ তুমি একে সঠিকভাবে ব্যবহার করেছ। এরপর এরা একে আল্লাহর কাছে 'আরশে 'আয়ীমে নিয়ে য়াবে। তখন আল্লাহ হুকুম দেবেন, তাকে নিয়ে য়াও, কিয়ামাত (কিয়ামত) পর্যন্ত তাকে অবকাশ দাও। আবৃ হুরায়রাহ্ (রাঃ) বলেন, তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ যখন কাফির ব্যক্তির রূহ তার শরীর থেকে বের করে আনা হয়, অতঃপর তিনি তার দুর্গন্ধের কথা উল্লেখ করলেন। তার প্রতি লা'নাতের উল্লেখ করলেন। তারপর বললেন, যখন তাদের রূহ আকাশ পর্যন্ত গিয়ে পৌঁছে তখন আকাশবাসী বলেন, একটি নাপাক রূহ জমিন হতে এসেছে, তাকে নিয়ে য়াও এবং কিয়ামাত (কিয়ামত) পর্যন্ত তাকে রেখে দাও। আবৃ হুরায়রাহ্ (রাঃ) বলেন, এরপর রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর চাদরের কোণা তার নাকের উপর টেনে দিলেন (যেন দুর্গন্ধ হতে বাঁচতে চাইলেন)। (মুসলিম)[1]



ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২৮৭২, সহীহ আল জামি' আস্ সগীর ৫০৪।

ব্যাখ্যা

व्याच्या: (انْطَلِقُوا بِه إِلَى اخِرِ الْأَجَل) नित्स याও তাকে শেষ সময় অবধির জন্য। মুল্লা 'আলী কারী বলেন, সময় দ্বারা উদ্দেশ্য বারযাখ বা কবরে অবস্থানের জীবন তথা নিয়ে যাও ঐ স্থানে যা তৈরি করা হয়েছে কিয়ামাত (কিয়ামত) সংঘটিত হওয়ার পূর্ব পর্যন্ত। আর রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চাদর নাকের উপর টানার মর্মার্থ হল তাঁর সাহাবীদেরকে দেখানো যে, কিভাবে মালায়িকাহ্ (ফেরেশতাগণ) কোন কিছু নাকের উপর রেখে সেই রূহের দুর্গন্ধ হতে বাঁচার প্রচেষ্টা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন